

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আঞ্চলিক সমবায় ইন্সটিটিউট
মুক্তাগাছা, ময়মনসিংহ
czi.mymensingh.gov.bd



“বঙ্গবন্ধুর দর্শন, সমবায় উন্নয়ন”

স্মারক নং: ৪৭.৬১.০০০০.৪০১.২৫.০১৪.৯০-১৯৩(০৬)

তারিখ: ২০/০৪/২০২২ খ্রি.

বিষয়: ২৪/০৪/২০২২ খ্রি. (রবিবার) হতে ২৮/০৪/২০২২ খ্রি. (বৃহস্পতিবার) পর্যন্ত ০৫(পাঁচ) দিন মেয়াদী “সমবায় ব্যবস্থাপনা” প্রশিক্ষণ কোর্সে পুরুষ প্রশিক্ষণার্থী মনোনয়ন।

সূত্র: অধ্যক্ষ(অতিরিক্ত নিবন্ধক), বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লা মহোদয়ের কার্যালয়ের স্মারক নং: ৪৭.৬১.০০০০.৩৪১.২৫.০৪২.১২-৫০৪, তারিখ: ২১/০৬/২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আগামী ২৪/০৪/২০২২ খ্রি. (রবিবার) হতে ২৮/০৪/২০২২ খ্রি. (বৃহস্পতিবার) পর্যন্ত ০৫(পাঁচ) দিন মেয়াদী “সমবায় ব্যবস্থাপনা” প্রশিক্ষণ কোর্স আঞ্চলিক সমবায় ইন্সটিটিউট, মুক্তাগাছা, ময়মনসিংহ এ অনুষ্ঠিত হবে। বর্ণিত কোর্সে নিম্নবর্ণিত লক্ষ্যমাত্রা অনুযায়ী আগ্রহী সমবায় সমিতির পুরুষ সদস্যদেরকে মনোনয়ন প্রদান করার জন্য অনুরোধ করা হলো। প্রশিক্ষণ কোর্সের নিয়ম মোতাবেক সকল সুযোগ-সুবিধাদী প্রাপ্য হবেন।

ক্রমিক নং	জেলার নাম	প্রশিক্ষণার্থীর লক্ষ্যমাত্রা
০১।	ময়মনসিংহ	০৬ জন
০২।	টাঙ্গাইল	০৪ জন
০৩।	জামালপুর	০৪ জন
০৪।	শেরপুর	০৩ জন
০৫।	নেত্রকোণা	০৪ জন
০৬।	কিশোরগঞ্জ	০৪ জন
	মোট	২৫ জন

শর্তাবলী:

- ০১। ক্যাম্পাস ও হোস্টেলে অবস্থানকালীন এবং প্রশিক্ষণ ক্লাসে সার্বক্ষণিক স্বাস্থ্যবিধি কঠোরভাবে অনুসরণ করতে হবে।
- ০২। কোভিড-১৯ টিকা গ্রহণকারীদেরকে অগ্রাধিকার ভিত্তিতে মনোনয়ন প্রদান করতে হবে।
- ০৩। প্রশিক্ষণ কোর্সটি সম্পূর্ণ আবাসিক বিধায় প্রশিক্ষণার্থী ব্যতিত অন্য কেউ হোস্টেলে অবস্থান করার সুযোগ নেই। প্রশিক্ষণকালীন কোন ছুটি প্রদান করা হবে না। বিধায় শারীরিকভাবে সুস্থ ও পারিবারিক ব্যামোলামুক্ত প্রশিক্ষণার্থীদেরকে আগামী ২৩/০৪/২০২২ খ্রি. তারিখ সন্ধ্যা ৬:০০ টার মধ্যে ইন্সটিটিউটের হোস্টেল কর্তৃপক্ষের নিকট রিপোর্ট করতে হবে।
- ০৪। মনোনীত প্রশিক্ষণার্থীগণকে সংশ্লিষ্ট জেলা বা উপজেলা সমবায় অফিসার কর্তৃক সত্যায়িত ০১(এক) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং মনোনয়নকৃত প্রশিক্ষণার্থীর সদস্য বহির তার নামের পাতার ফটোকপি সাথে আনতে হবে।
- ০৫। প্রেরিত প্রশিক্ষণার্থীগণ ন্যূনতম এসএসসি/সমমান পাশ হতে হবে এবং তা যাচাই পূর্বক প্রেরণ করতে হবে। প্রশিক্ষণার্থীদের বয়স ১৮ থেকে ৪২ বছরের মধ্যে থাকতে হবে এবং কার্যকর সমবায় সমিতির পুরুষ সদস্যগণকে পাঠাতে হবে।
- ০৬। বিগত ০২(দুই) বছরের মধ্যে এ ইন্সটিটিউটে অনুবুপ প্রশিক্ষণ কোর্স গ্রহণ করেছেন এমন সমবায়ীকে প্রশিক্ষণার্থী হিসেবে পাঠানো যাবে না।
- ০৭। মনোনীত প্রশিক্ষণার্থীদের নাম, সমিতির নাম, ঠিকানা ও মোবাইল নম্বর এ কার্যালয়ে ২১/০৪/২০২২ খ্রি. তারিখের মধ্যে ই-মেইলে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হ'ল।

জেলা সমবায় অফিসার

ময়মনসিংহ/টাঙ্গাইল/জামালপুর/শেরপুর/নেত্রকোণা/কিশোরগঞ্জ।

মোঃ আবদুল ওয়াহেদ

অধ্যক্ষ(উপনিবন্ধক)

আঞ্চলিক সমবায় ইন্সটিটিউট

মুক্তাগাছা, ময়মনসিংহ।

ফোন নং- ০৯০২৮-৭৫৩২৬

principal_muktagachaczi@yahoo.com

সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:-

০১। যুগ্মনিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, ময়মনসিংহ।

০২। যুগ্মনিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, ঢাকা।

০৩। অধ্যক্ষ(অতিরিক্ত নিবন্ধক), বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লা।